# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/৫৪৬

তারিখঃ ২১/১২/২০২১

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯ সালের এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/এম মিউজ শেষ পর্ব (আইসিটি সহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে সম্পন্ন হবে। পরীক্ষার আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখসহ নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরে জানানো হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষা বিষয়ক**
ওয়েব সাইটঃ www.nubd.info/mf
ই-মেইলঃ mf@nubd.info

১। **আবেদন ফরম পূরণ, বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনকারী পরীক্ষার্থীদের On-line-এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমাঃ | ২৬/১২/২০২১ হতে ২৫/০১/২০২২ |
| খ) | আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখঃ | ২৭/০১/২০২২ |
| গ) | Pay slip সংগ্রহঃ **(বিস্তারিত- ১০(খ ও গ) দ্রষ্টব্য)** | ৩০/০১/২০২২ হতে ০২/০২/২০২২ |
| ঘ) | উল্লিখিত তারিখ সমূহে আবেদন ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং টার্মপেপার, ইনকোর্স ও মাঠকর্ম নম্বরের মূল ম্যানুয়াল কপি ও প্রিন্ট কপির ০১ (এক) কপি বিষয়ওয়ারী আলাদাভাবে গালাসিল করে বিশ্ববিদ্যালয়ে/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমাদানের শেষ তারিখঃ | ০৩/০২/২০২২ |

২। **আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ (এম.মিউজ, লাইব্রেরী সায়েন্স এবং আইসিটি ব্যতীত)**

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি | ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ক. | তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র) | ২৫০/- | জ. | টার্মপেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>ii) কলেজে জমা হবে- ১৫০/- | ২৫০/- |
| খ. | তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | ঝ. | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)-<br>i) বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/-<br>ii) কলেজে জমা হবে- ২০০/- | ৩০০/- |
| গ. | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | ২৫০/- | ঞ. | থিসিস ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত) | ১,৫০০/- |
| ঘ. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) | ২৫০/- | ট. | সাময়িক সনদ ফি (২০১৭ বা ২০১৮ সালে যেসব পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা) | ৩০০/- |
| ঙ. | কেন্দ্র ফি (**তত্ত্বীয়**) কলেজে জমা হবে | ৪৫০/- | ঠ. | নম্বরপত্র ফি (২০১৭ বা ২০১৮ সালে যেসব পরীক্ষার্থী ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা) | ৩০০/- |
| চ. | কেন্দ্র ফি- **ব্যবহারিক** (কলেজে জমা হবে) | ২০০/- | | | |
| ছ. | সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে- | | | | ১,০০০/- |

**২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)ঃ**

| ক্রম | বিবরণ | মোট ফি |
|---|---|---|
| ক. | এমএ/এমএসএস/এমবিএ (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে- | ২,৮০০/-(নিয়মিত ও অনিয়মিত)<br>২,৭০০/-(প্রাইভেট) |
| খ. | **এমএসসি (নিয়মিত ও অনিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে** | **২,৯৫০/-** |
| গ. | এম.মিউজ পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ৩,৫২০/-(নির্ধারিত) |
| ঘ. | লাইব্রেরী সায়েন্স বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ২,৫৫০/-(নির্ধারিত) |
| ঙ. | থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ১,৫০০/- |
| চ. | আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৭০০/-(নির্ধারিত) |
| ছ. | গ্রেড উন্নয়ন, সিজিপিএ উন্নয়নএবং অকৃতকার্য পরীক্ষার্থীর ক্ষেত্রে (**অর্ন্তভূক্তি ফি-৩০০/-** টাকা এবং পত্র সংখ্যা অনুযায়ী ফিসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ফি) | |
| জ. | শুধুমাত্র মৌখিক/ ব্যবহারিক/টার্মপেপার/ মাঠকর্ম/ থিসিস পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে | ১,০০০/- |

**বিঃ দ্রঃ- নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবেনা।**

** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/-(তিনশত) টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল/রেজিষ্ট্রেশন বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

বিঃ দ্রঃ- (১) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর টার্মপেপার ও ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয় ওয়ারী আলাদা খামে গালাসিল করে বিবরণী জমা দেয়ার সময়ই উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। **মূল ম্যানুয়াল কপির বাইরে কোন নম্বর গ্রহণ করা হবে না।**

(২) মৌখিক/ ব্যবহারিক/মাঠকর্ম/থিসিস পত্রের নম্বরসমূহ প্রেরণের নির্দেশনা পরবর্তীতে জানানো হবে।

(৩)**রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে উল্লিখিত পত্রকোড ব্যতীত অন্য কোন পত্রকোডে পরীক্ষায় অংশ গ্রহণ করলে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না। এমনকি পরীক্ষার পরে রেজিঃ কার্ড ও প্রবেশপত্রে পত্রকোড কোনভাবেই সংশোধন করা যাবে না।**

৩। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ এবং ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০১৯ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০১৭ এবং ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থী এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সেসব শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে গ্রেড উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থী ২০১৯ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ঙ) ২০১৮ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA- 2.5এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৯ সালের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে {সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে} মান উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।**

৪। ICTসহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি/**এম মিউজ** শেষ পর্ব পরীক্ষায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**ক) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।**

**খ) সকল পরীক্ষার্থীদের (নিয়মিত ও অনিয়মিত যদি থাকে) ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির পর কলেজের সংশ্লিষ্ট বিভাগ পরীক্ষার্থীদের টার্মপেপার নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।**

গ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়েল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের স্লিপের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।**

৬। **আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line-এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয়ওয়ারী পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

৭। **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী (পরীক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে নিজ দায়িত্বেবিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েব সাইট-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েব সাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে জমা দিতে হবে।

খ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

৮। **কলেজের জন্য করণীয়ঃ-**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েব সাইটে College Log-in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েব সাইটে College Profile-কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।

গ) **পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার, ইনকোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।**

ঘ) **মাস্টার্স শেষ পর্ব বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।**

ঙ) **টার্মপেপার, ইনকোর্সও মাঠকর্ম পরীক্ষার নম্বর অন-লাইনে এন্ট্রি করার সময় কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেষ পর্ব শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসাবে ধরা হবে।**

৯। **বিবরণী ফরম জমার নিয়মাবলী (কলেজের জন্য)ঃ**

ক) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List) প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরম বিষয়ওয়ারী নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন/প্রাইভেট পরীক্ষার্থীদের বিবরণী ফরম/আবেদন ফরম মোতাবেক বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line এ ডাটা এন্ট্রি করতে হবে। বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে এন্ট্রি করার পর প্রিন্ট কপি যাচাই করে এন্ট্রিকৃত বিবরণীর সাথে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বিষয়ওয়ারী আলাদা আলাদা ভাবে বাঁধাই করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায়/স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে এবং এর এক সেট ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম গ্রহণ করা হবে না।**

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রেসমূহের ঠিকানাঃ

| | | |
|---|---|---|
| **ঢাকাবিভাগের জন্যঃ**<br>জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪<br>ফোনঃ ০২-৯২৯১০৪৭ | **আঞ্চলিক কেন্দ্র খুলনাঃ**<br>বাড়ী # ২২৭, রোড # ০১<br>কেডিএ,সোনাডাঙ্গা আ/এ,খুলনা-৯১০০<br>ফোন # ০৪১-৭৩১৬৭৩ | **আঞ্চলিক কেন্দ্র রাজশাহীঃ**<br>বাড়ী # ৩৫৪, বড় বটতলা, বালিয়া পুকুর<br>ঘোড়ামারা, রাজশাহী-৬১০০<br>ফোন # ০৭২১-৭৬২১৪১ |
| **আঞ্চলিক কেন্দ্র রংপুরঃ**<br>বাড়ী # ৩৯০, ওয়ার্ড # ০৯,<br>জিএলরায় রোড<br>কামাল কাছনা, রংপুর-৫৪০০।<br>ফোন # ০৫২১-৫৬০১৫ | **আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রামঃ**<br>বাসা নং-৬৬/ডি, সড়ক নং-১,<br>ইস্পাহানি পার্ক, দক্ষিণ খুলসি,চট্টগ্রাম-৪২২৫।<br>ফোন # ০৩১-২৮৫৫৮২৮ | **আঞ্চলিক কেন্দ্র বরিশালঃ**<br>হোল্ডিং # ১০০০, ওয়ার্ড # ১২<br>মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা<br>বরিশাল-৮২০০<br>ফোন # ০৪৩১-৬১১৬৮ |
| **আঞ্চলিক কেন্দ্র সিলেটঃ**<br>আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট<br>সিলেট-৩১০০,<br>ফোন # ০৮২১-৭২৯১০২ | **ময়মনসিংহ বিভাগের জন্যঃ**<br>জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।<br>ফোনঃ ০২-৯২৯১০৪৭ | |

১০। **বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের নিয়মাবলী ঃ**

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লিখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দেয়া যাবে।

খ) সংশ্লিষ্ট কলেজ উল্লিখিত ওয়েব সাইট-এ Log-in করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।

গ) **Pay Slip সংগ্রহের জন্য উল্লিখিত তারিখ পর্যন্ত Link active থাকবে। নির্ধারিত সময়ের পর Pay Slip ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।**

ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য **জনাব মোঃ হুমায়ুন কবীর, সহকারী সিস্টেম এনালিস্ট, ই-মেইল- kabir.erp@gmail.com ফোনঃ ০২-৯২৯১০৪৭** নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ঙ) **সমস্যা নিরসনের জন্য সমস্যার প্রকৃতি বা ধরন mf@nubd.info ই-মেইল-এ মেইল করুন।**

১১। **বিবিধঃ**

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) **পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোন বিষয়/পত্র কোড-এ আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

গ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর/অনার্স/মাস্টার্স ১ম পর্বের ফলাফল ব্যবহার করে অন্য কোন পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

চ) যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েব সাইটে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

(বদরুজ্জামান)
**পরীক্ষা নিয়ন্ত্রক**
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোনঃ ৯২৯১০১৭
ই-মেইল: controller@nu.ac.bd

স্মারক নং ঃ জাতীঃবিঃ/পনি/মাফা/৯০/২০০২/৫৪৬

তারিখঃ ২১/১২/২০২১

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০৪। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
**(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
০৫। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
**(জাতীয় দৈনিক পত্রিকায় এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)**
০৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
**(সকল আঞ্চলিক কেন্দ্র-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)**
০৭। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০৮। প্রক্টর, শৃংখলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
০৯। উপ-রেজিস্ট্রার, একাডেমিক (মাস্টার্স ও প্রফেশনাল), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১০। উপ-পরিচালক, তথ্য ও পরামর্শ সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১১। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১২। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১৩। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১৪। অধ্যক্ষ, মাস্টার্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজসমূহ
১৫। অফিস কপি।

21.12.21
(মোঃ সোলায়মান আকন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাস্টার্স শেষ পর্ব শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোনঃ ৯২৯১০৪৭